



ই-মেইল প্রেরণ

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১

চাটমোহর, পাবনা।

ISO 9001:2015 Certified

ফোন-অফিস - ০২-৫৮৮৪৮৫০১

অভিযোগ কেন্দ্র - ০২-৫৮৮৪৮৩৩৬

ই-মেইল ঠিকানা - pbs1pabna@gmail.com

ওয়েব সাইট - www.pbs1.pabna.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৬২২.৫০৭.০২.০০৮.২৬. ২৮/৩/৩

তারিখঃ ২৭ বৈশাখ, ১৪৩৩ বঙ্গাব্দ।
১০ মে, ২০২৬ খ্রি।

“রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) পদে নিয়োগ বিজ্ঞপ্তি”

পাবনা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর এর জন্য ০১ (এক) জন রিটেইনার ডাক্তার (খন্ডকালীন) নিয়োগের নিমিত্তে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত যোগ্যতা সম্পন্ন নাগরিক এর নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। প্রার্থীকে সরকারী মেডিকেল কলেজ/বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ হতে হবে। বিএমডিসি এর হালনাগাদ রেজিস্ট্রেশন থাকতে হবে।
- ০২। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।
- ০৩। পবিসের আওতাভুক্ত থানা/এলাকায় সরকারী ডাক্তার হিসেবে/অন্য কোন প্রতিষ্ঠানে স্বাস্থ্য সেবা প্রদানে নিয়োজিত আছেন কেবলমাত্র তাদেরকেই রিটেইনার ডাক্তার পদের জন্য বিবেচনা করা হবে।
- ০৪। আলোচ্য পদে ০৩ (তিন) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা যেতে পারে।
- ০৫। আলোচ্য পদে নিয়োগপ্রাপ্ত হলে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে। মাসিক রিটেইনার ফি হতে সরকারী নিয়মানুযায়ী আয়কর কর্তন করা হবে।
- ০৬। একজন রিটেইনার ডাক্তার একাধিক পল্লী বিদ্যুৎ সমিতিতে রিটেইনার ডাক্তার হিসেবে নিয়োজিত থাকতে পারবেন না।
- ০৭। নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
- ০৮। ০৩ (তিন) বছরের চুক্তিকাল উত্তীর্ণ হওয়ার অন্ততঃ পক্ষে ০১ (এক) মাস পূর্বে নতুন করে আবেদন পত্র আহবান করা হবে এবং সে সময় যিনি অত্র পদে অধিষ্ঠিত থাকবেন তিনিও পুনরায় আবেদন করতে পারবেন।
- ০৯। নিয়োগ প্রাপ্ত রিটেইনার ডাক্তারকে সপ্তাহে ০২ (দুই) দিন অফিস চলাকালীন সময়ে অফিসে উপস্থিত থাকতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
- ১০। ব্যক্তিগত চেম্বারে পবিসের যে কোন কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবারের কেউ অসুস্থ থাকলে যেকোন সময় চিকিৎসার জন্য গেলে চিকিৎসা পত্র প্রদান করতে হবে। এ জন্য পৃথক কোন ভিজিট বা ফি দেওয়া হবে না।
- ১১। দুর্ঘটনা বা যে কোন প্রয়োজনে পবিসের ভৌগলিক এলাকাস্থ যে কোন স্থানে যে কোন সময়ে যেতে হতে পারে (এ ক্ষেত্রে যাতায়াত ভাতা/ফি দেওয়া হবে)।

১২। আবেদন পত্রের প্রয়োজনীয় শর্তাবলী:

আবেদনকারীর নাম (স্পষ্টাক্ষরে), পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, অন্যান্য শিক্ষাগত যোগ্যতার/অভিজ্ঞতার সার্টিফিকেট এর ফটোকপি, সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্বের সনদপত্র সহ সকল সনদ পত্রের ফটোকপি সমূহ অবশ্যই প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

উপরোক্ত পদে নিয়োগপ্রাপ্ত হতে ইচ্ছুক আগ্রহী প্রার্থীগণকে সাদা কাগজে দরখাস্ত আগামী ১৮/০৫/২০২৬খ্রিঃ তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর বরাবরে পৌঁছাতে হবে।

(মোঃ আব্দুল্লাহ আল আমিন চৌধুরী)
জেনারেল ম্যানেজার

অনুলিপি: (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধসহ) জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

- ০১। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিমাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, পবিস ১/২/৩/৪।
- ০৪। সিভিল সার্জন, পাবনা জেলা।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার (ঈশ্বরদী/আটঘরিয়া/চাটমোহর/ভাঙ্গুড়া/ফরিদপুর), পাবনা।
- ০৬। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ঈশ্বরদী/আটঘরিয়া/চাটমোহর/ভাঙ্গুড়া/ফরিদপুর), পাবনা।
- ০৭। ডিজিএম (সদর-কারিগরি/দাশুড়িয়া/আটঘরিয়া/ভাঙ্গুড়া) জোনাল অফিস, পাবনা পবিস-১।
- ০৮। এজিএম (ওএন্ডএম), ফরিদপুর সাব-জোনাল অফিস, পাবনা পবিস-১
- ০৯। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ-রাজস্ব), পাবনা পবিস-১।
- ১০। এজিএম (আইটি) (Web Site-এ প্রকাশের ব্যবস্থা নিন)।
- ১১। নোটিশ বোর্ড/অফিস কপি/মাস্টার কপি।

বিজ্ঞপ্তি নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের অনুরোধ করা হলো।

(মোঃ আব্দুল্লাহ আল আমিন চৌধুরী)
জেনারেল ম্যানেজার